# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) অরুণাচল প্রদেশের আনজাও’তে সংঘটিত সড়ক দুর্ঘটনায় নিহত শ্রমিকদের নিকটাত্মীয়দের মুখ্যমন্ত্রীর পাঁচলক্ষ টাকার এককালীন সাহায্যের চেক বিতরণ/

(২) ২০২৪-২৫ বর্ষে দেশে প্রথমবারের মতো কয়লার উৎপাদন প্রায় একশো কোটি টন হয়েছে বলে কেন্দ্রীয় কয়লা মন্ত্রী জি কিষাণ রেড্ডির প্রকাশ/

৩) কাছাড় জেলা প্রশাসনের আসন্ন বর্ষা মরশুমের প্রাক্কালে সম্ভাব্য বন্যা ও জমা জলের সমস্যা প্রতিরোধে রাংগিরখালের উপরে থাকা সবধরনের বেআইনী নির্মাণ আগামী ১০ দিনের মধ্যে অপসারণের নির্দেশ জারী।

(৪) শিলচরের জেলা ও দায়রা জজের আদালতে আন্তঃরাজ্য ড্রাগ্‌স পাচারের মামলায় মণিপুরের জনৈক মহিলাকে দশ বছরের কারাদণ্ড/

এবং

(৫) উদ্ভাবন, প্রযুক্তি এবং যুবশক্তিকে একটি প্ল্যাটফর্ম প্রদানের উদ্দেশ্যে আজ শিলচরের জাতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠানে টেকনোভেশন সম্মেলন/

--------------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের আনজাওয়ে সংঘটিত সড়ক দূর্ঘটনায় নিহত শ্রমিকদের নিকটাত্মীয়কে রাজ্য সরকারের পক্ষ থেকে ৫ লক্ষ টাকার এককালীন সাহায্য প্রদান করা হয়েছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ তিনসুকিয়ার গেলাপুখুরীতে দূর্ঘটনায় নিহত শ্রমিকদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে আনুষ্ঠানিকভাবে চেক প্রদান করেন । মৃত শ্রমিকদের নিকটাত্মীয়কে কেন্দ্রীয় সরকার ২ লক্ষ টাকার এককালীন অনুদান প্রদান

করবে বলেও মূখ্যমন্ত্রী ড.শর্মা সাংবাদিকদের জানান । দূর্ঘটনায় আহত ব্যাক্তির চিকিৎসার জন্যও তিনি মূখ্যমন্ত্রীর সহায়তা তহবিল থেকে এক লক্ষ টাকার সাহায্য প্রদান করেন । মূখ্যমন্ত্রী ড.শর্মা চা শ্রমিকদের সুরক্ষার জন্য শীঘ্র ব্যাবস্থা গ্রহণ করার আশ্বাস দেন ।

বাইট

---

রাজ্য সরকার আগামী ১৫ই জানুয়ারির মধ্যে এ ডি আর ই- তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর পদে নিযুক্তি সম্পূর্ণ করবে । স্বাস্থ্য বিভাগের নিযুক্তি আগামী ২২শে ডিসেম্বরে এবং চা জনগোষ্ঠীর থেকে এই বিভাগে বাছাই হওয়া যুবক-যুবতীদের নিযুক্তি আগামী ২৩শে ডিসেম্বর প্রদান করা হবে । একইসঙ্গে কৃষি ইঞ্জিনিয়ারিং বিভাগ সহ বেশকয়েকটি বিভাগের নিযুক্তি পত্র আগামী দশই ফেব্রুয়ারির পূর্বে প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে ডঃ শর্মা আরো জানান যে- রাজ্য সরকার শীঘ্রই ৭৫ হাজার যুবক-যুবতীকে মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসা প্রকল্পের আওতায় আত্মসংস্থাপনের সুবিধা প্রদান করবে । এরজন্যে বাছাই প্রক্রিয়া শেষ হয়েছে এবং আগামী ১৫ই জানুয়ারির পর এই প্রকল্পের অধীনে যুবক-যুবতীদের আত্মসংস্থাপনের সুবিধা দেওয়া হবে বলে তিনি জানান । প্রতিটি জেলাসদরে এই প্রকল্পের হিতাধিকারীদের অর্থ বিতরণ করা হবে বলে তিনি জানিয়েছেন ।

---

আসামে ভোটার তালিকা প্রস্তুত করার ক্ষেত্রে নির্বাচন কমিশনের গ্রহণ করা ভূমিকার সমালোচনা করেছেন সাংসদ অজিত কুমার ভূইঞা । বেশকিছু সংবেদনশীল বিষয়কে নিয়ে দেশের অন্যান্য রাজ্যের তুলনায় আসামের ক্ষেত্রে নির্বাচন কমিশন বৈষম্যমূলক নীতি গ্রহণ করেছে বলে অভিযোগ করে আসাম থেকে নির্বাচিত রাজ্যসভার সাংসদ শ্রী ভূইঞা এই সম্পর্কে বিশেষ করে ভোটার তালিকার বিশেষ পুঙ্খানুপুঙ্খ সংশোধনীর প্রসঙ্গ উল্লেখ করেন । দেশের অন্য বারোটি রাজ্যে ভোটার তালিকার বিশেষ পুঙ্খানুপুঙ্খ সংশোধনী- অর্থাৎ এস আই আর'এর ব্যবস্থা করা হয়েছে । এদিকে আসামের ক্ষেত্রে পুঙ্খানুপুঙ্খ সংশোধনীর পরিবর্তে কেবল ভোটার তালিকার বিশেষ সংশোধনী অর্থাৎ এস আর'এর ব্যবস্থা করায় তিনি ক্ষোভ প্রকাশ করেছেন । এর ফলে মাত্র দুটো রাত আসামে অতিবাহিত করা ব্যক্তিও এই রাজ্যে ভোটদানের অধিকার লাভ করবে । এই কার্যকে ভোটার তালিকায় বহিঃরাজ্যের লোকেদের নাম অর্ন্তভুক্তির চক্রান্ত বলে

অভিযোগ করে তিনি আসামে নির্বাচন কমিশনের বিশ্বাসযোগ্যতা হ্রাস পেয়েছে বলেও অভিযোগ করেছেন ।

---------------------------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট জুবিন গর্গের মৃত্যু সম্পর্কে দাখিল করা অভিযোগনামার প্রতিলিপি আদালতে জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। জুবিনের রহস্যজনক মৃত্যুর ঘটনার তদন্ত সি বি আই'কে দিয়ে করানোর অনুরোধ জানিয়ে দাখিল করা একটি রিট পিটিশনের আবেদনের শুনানি গ্রহণ করে হাইকোর্টের মুখ্য বিচারপতি আশুতোষ কুমার এবং বিচারপতি অরুণ দেব চৌধুরীকে নিয়ে গঠিত একটি বিচারপীঠ আজ এই রায় দিয়েছে । আদালত একইসঙ্গে আগামী ৩১শে মার্চ এই রিট পিটিশনের পরবর্তী শুনানির দিন ধার্য করেছে । উল্লেখ্য-জুবিন গর্গের মৃত্যুর ঘটনার সি বি আই তদন্ত চেয়ে আসাম পাবলিক ওয়ার্কস'এর সভাপতি অভিজিৎ শর্মা এবং যুব ছাত্র পরিষদের প্রাক্তন নেতা পলাশ রঞ্জন বড়ুয়া এই আবেদন দাখিল করেন ।

---------------------------------------------------------------------------------------------------

উত্তর গৌহাটী বালিকা বিদ্যালয়ের ছাত্রী অর্পিতা দাস প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানের জন্য নির্বাচিত হয়েছে । উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২১ শে ডিসেম্বর গৌহাটীর নৌ পরিবহন টার্মিনেলে চরাইদেও জাহাজে রাজ্যের ২৫-৩০ জন শিক্ষার্থীর সঙ্গে পরীক্ষা পে চর্চা অর্থাৎ পরীক্ষা সম্পর্কীত বিষয় নিয়ে আলোচনা করবেন । পূর্বে দলগত ক্ষেত্রে দুবার জাতীয় পর্যায়ের পুরস্কার লাভ করা এই কৃতি শিক্ষার্থী প্রধানমন্ত্রীর জন্য ইতিমধ্যে প্রশ্ন প্রস্তুত করেছে বলে জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

২০২৪-২৫ বর্ষে প্রথমবার দেশে কয়লা উৎপাদন প্রায় একশো কোটি টন হয়েছে বলে কেন্দ্রীয় কয়লা মন্ত্রী জি কিষাণ রেড্ডি জানিয়েছেন । লোকসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে শ্রী রেড্ডি বলেন যে- বিগত দশ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কয়লা ক্ষেত্রে বেশকিছু গুরুত্বপূর্ণ সংস্কার সাধন হয়েছে । তিনি বলেন যে- সরকার সমগ্র দেশে কয়লা উৎপাদন এবং সরবরাহ নিশ্চিত করেছে । ভারত সম্প্রতি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম কয়লা উৎপাদক এবং ব্যবহারকারী দেশে পরিগণিত হয়েছে বলেও তিনি জানান । শ্রী রেড্ডি বলেন যে- ভারতে বিশ্বের পঞ্চম সর্ববৃহৎ কয়লা ভাণ্ডার রয়েছে এবং দেশে প্রায় সাত বছরের জন্যে পর্যাপ্ত কয়লার মজুত রয়েছে । তিনি বলেন- সরকার কয়লাকে গ্যাসে রূপান্তরিত করার অভিযান সম্পর্কে কাজ করে যাচ্ছে এবং এই অভিযানের অধীনে ২০৩০ সালের মধ্যে দশ কোটি টন কয়লাকে গ্যাসে রূপান্তরিত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।

---

ভারতীয় রেল দুহাজার কিলোমিটারেরও বেশি দীর্ঘ রেলপথে কবচ প্রণালী আরম্ভ করেছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ জানিয়েছেন । লোকসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে শ্রী বৈষ্ণৈ বলেন যে- যাত্রী সুরক্ষা এবং রেল পরিচালনাকে আরো সুগম করে তোলার উদ্দেশ্যে চার হাজার ১৫৪টি রেল ইঞ্জিনে এই স্বয়ংক্রিয় রেল সুরক্ষা ব্যবস্থা কবচ স্থাপনব করা হয়েছে । তিনি বলেন যে- এই কবচ স্থাপনের কাজ দ্রুতগতিতে চলছে এবং ৪০ হাজারেরও বেশি কারিগর এবং অপারেটরকে ইতিমধ্যে কবচ সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আসন্ন বর্ষার মরশুমের প্রাক্কালে বন্যা ও জমাজলের সম্ভাব্য সমস্যা প্রতিরোধে রাঙ্গিরখালের স্বাভাবিক জলপ্রবাহে বাধা সৃষ্টি করছে এমন সব অনুমোদনহীন ও বেআইনী নির্মাণ অবিলম্বে অপসারণের জন্য কড়া নির্দেশ জারী করা হয়েছে । জেলার জল সম্পদ বিভাগের পেশ করা প্রতিবেদনে মহিষাবিল পয়েন্ট থেকে সানলিট হাসপাতাল পর্যন্ত রাঙ্গিরখালের বিভিন্ন অংশে নির্মিত বেআইনী ঘর, বাঁশের সেতু , সংশ্লিষ্ট কাঠামো চিহ্নিত করা হয়েছে , যা খালের স্বাভাবিক জল প্রবাহে বাধা সৃষ্টি করছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব দূর্যোগ ব্যবস্থাপনা আইন-২০০৫ এর অধীনে আগামী দশ দিনের মধ্যে সব বেআইনী দখল, নির্মাণ সরিয়ে নেবার নির্দেশ দিয়েছেন । এই নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড়ের জেলা ও দায়রা জজের আদালত আজ আন্ত:রাজ্য ড্রাগ্‌স পাচারের সঙ্গে জড়িত থাকার অপরাধে মণিপুরের জনৈক মহিলাকে এন ডি পি এস আইনের অধীনে ১০ বছরের সশ্রম কারাদন্ড সহ এক লক্ষ টাকা জরিমানা করেছে । জরিমানা শোধ করতে না পারলে আরো অতিরিক্ত ছ'মাসের কারাদণ্ড ধার্য করা হয়েছে । বিশেষ বিচারপতি বিপ্রজীত রায়ের বিচারপীঠ এই রায় ঘোষণা করে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে দোষী সাব্যস্ত হওয়া মহিলা নাইভুং কুকি , মণিপুরের চূড়াচাঁন্দপুর জেলার লামকা থানার অর্ন্তগত ছাইকুলপি গ্রামের বাসিন্দা । উল্লেখ্য- গতবছরের ১৯শে মার্চ কাছাড় জেলার আসাম-মণিপুর সীমান্তের লক্ষীপুরের ফুলেরতল ফেরীঘাট থেকে নেশাযুক্ত সামগ্রী সহ এই মহিলাকে গ্রেপ্তার করা হয়েছিল । পুলিশ মহিলার সঙ্গে থাকা দুটি ব্যাগ থেকে ১৫ কিলো তিনশ ৪১ গ্রাম ওজনের গাঁজা বাজেয়াপ্ত করে।

---

ন্যাশনেল ইনস্টিটিউট অফ টেকনোলজি ( এন আই টি ) শিলচরে আজ উদ্ভাবন , প্রযুক্তি ও যুব শক্তিকে একটি মঞ্চ প্রদান করার লক্ষ্যে টেকনোভেশন সামিটের আয়োজন করা হয় । এতে কাছাড় জেলার ১৩ টি বিদ্যালয়ের মোট ১৫৪ জন ছাত্র ছাত্রী অংশগ্রহণ করে তাঁদের উদ্ধাবন ও প্রযুক্তিবিদ্যা সংক্রান্ত প্রতিভা তুলে ধরে । এন আই টি শিলচরের উদ্যোগে এবং ইনস্টিটিউশনস ইনোভেশন কাউন্সিল ( আই আই সি )র সহযোগীতায় আয়োজিত এই সম্মেলনে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ ,সংখ্যালঘু কল্যাণ ও উন্নয়ন মন্ত্রী নন্দিতা গার্লোসা ভবিষ্যতে প্রযুক্তিগত ও সামাজিক প্রত্যাহ্বানের সম্মুখীন হতে ছাত্র ছাত্রীদের বিজ্ঞানসম্মত চিন্তা ,সৃষ্টিশীলতা ও উদ্যমী মনোভাব গড়ে তোলা প্রয়োজন বলে উল্লেখ করেন । বাইট...... সম্মেলনে আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক দেবমাল্য ঘোষ ,এন আই টি শিলচরের রেজিস্ট্রার অসীম রায় ,উদ্ভাবক ড.উদ্ধব ভরালী , ডি আরডি ওর বিজ্ঞানী নন্দিতা ভট্টাচার্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন জনসাধারণের সুরক্ষা ও আইন শৃঙ্খলা বজায় রাখার উদ্দেশ্যে জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত অঞ্চলে তাৎক্ষণিকভাবে কার্যকর হওয়া বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারার অধীনে এই নির্দেশ জারী করেছেন । দুমাস বলবৎ থাকা এই নির্দেশ অনুসারে সীমান্তের ১ কিলোমিটার এলাকায় সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত জনসাধারণের চলাচল নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া বরাক নদীর জলপথ ও নদী তীরবর্তী অঞ্চলসমূহতে যাতায়াত ও মাছ ধরার ক্ষেত্রে বেশকিছু বিধি নিষেধ আরোপ করা হয়েছে ।

একইভাবে সীমান্তের ৫ কিলোমিটার এলাকায় রাত্রিবেলা চিনি ,চাউল , আটা এবং ভোজ্য তেল সহ অত্যাবশকীয় সামগ্রী পরিবহনের ক্ষেত্রেও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । তবে সরকারী কাজে নিয়োজিত কর্মচারীদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা বলবৎ হবে না ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা নাথ মিশন সংস্থার ব্যবস্থাপনায় আজ শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে নাথ সাহিত্য ও সংস্কৃতির এক দিবসীয় সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । সাহিত্য আলোচনায় মীননাথ, গোরক্ষনাথ, ময়নামতি প্রমুখের কাহিনী ও যোগ সাধনার বিভিন্ন ধারা সহ নাথ ধর্মের গভীর দর্শন ও সামাজিক প্রভাব নিয়ে বরাক উপত্যকা বঙ্গ

সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় কমিটির সদস্য ডক্টর রাধিকা রঞ্জন চক্রবর্তী , অধ্যাপিকা তনুশ্রী ঘোষ ,সাংবাদিক মিহির দেবনাথ , নাথ যোগী উন্নয়ন পরিষদের সহ-সভাপতি বিপ্লব নাথ প্রমুখ বক্তব্য রাখেন ।

-------------------------------------------------------------------------------------